



বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
গাইবান্ধা।
www.ecs.gov.bd

নম্বর-১৭.০৮.৩২০০.০০০.৪৪.০০৯.২৪- ২২৮

তারিখঃ ১৮ মার্চ ২০২৪ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয় : ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষ্যে খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রকাশ।

নির্বাচন কমিশন সচিবালয়ের পত্র নং ১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৪-১৩৬; তারিখ: ০৯ মার্চ ২০২৪ এর নির্দেশনা মোতাবেক আমি নিম্নস্বাক্ষরকারী এতদ্বারা ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষ্যে গাইবান্ধা জেলার ০৭টি উপজেলার সকল ভোটার এলাকার ভোটারগণের ভোটপ্রদানের সুবিধার্থে খসড়া ভোটকেন্দ্রের তালিকা অদ্য ১৮ মার্চ ২০২৪ খ্রি: প্রকাশ করছি।

খসড়া ভোটকেন্দ্রের তালিকা জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা, জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, গাইবান্ধা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয় (সকল), উপজেলা পরিষদ (সকল), সংশ্লিষ্ট পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদে আগামী ২১ মার্চ ২০২৪ তারিখ পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে।

উল্লেখ্য যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষ্যে প্রকাশিত খসড়া ভোটকেন্দ্রের তালিকা সম্পর্কে কারো কোন দাবী/আপত্তি যদি থাকে তাহলে তা জেলা নির্বাচন অফিসার বরাবর নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে আগামী ২১ মার্চ ২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন লিখিতভাবে দাখিল করা যাবে।

সংযুক্তি: খসড়া ভোটকেন্দ্রের তালিকা ০১ (এক) প্রস্থ।

(মোঃ আব্দুল মোতালিব)
জেলা নির্বাচন অফিসার
গাইবান্ধা।

ফোনঃ ০২৫৮৭-৭১০০৩৭
deogaibandha.ec@gmail.com

তারিখঃ ১৮ মার্চ ২০২৪ খ্রিঃ

নম্বর-১৭.০৮.৩২০০.০০০.৪৪.০০৯.২৪- ২২৮

বিতরণ জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, গাইবান্ধা ও আহবায়ক, জেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটি।
- ০৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর।
- ০৬। পুলিশ সুপার, গাইবান্ধা।
- ০৭। চেয়ারম্যান (সকল), উপজেলা পরিষদ, গাইবান্ধা (খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রদর্শনের অনুরোধসহ)।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাইবান্ধা (খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রদর্শনের অনুরোধসহ)।
- ০৯। মেয়র, গাইবান্ধা/সুন্দরগঞ্জ/পলাশবাড়ী/গোবিন্দগঞ্জ পৌরসভা, গাইবান্ধা (খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রদর্শনের অনুরোধসহ)।
- ১০। উপজেলা নির্বাচন অফিসার (সকল), গাইবান্ধা (খসড়া ভোটকেন্দ্রের তালিকা তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শন ও ০১ কপি খসড়া ভোটকেন্দ্রের তালিকা সংশ্লিষ্টগণের মাঝে বিতরণের অনুরোধসহ)।
- ১১। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, গাইবান্ধা (খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রদর্শনের অনুরোধসহ)।

(মোঃ আব্দুল মোতালিব)
জেলা নির্বাচন অফিসার
গাইবান্ধা।